৩১/৭/২০০১

দৈনিক সংবাদ

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

## বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সভা

# শিক্ষা প্রতিষ্ঠান হঠাৎ উত্তপ্ত হওয়ায় উদ্বেগ প্রকাশ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ৯৮তম সভা শনিবার কমিশন ভবনে সকাল ১১টায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. এ টি এম জহুরুল হক। সভায় যে সব বিষয়ে আলোচনা হয় তার মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় ছিল দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহ থেকে কমিশনের খণ্ডকালীন সদস্য মনোনীত করার বিষয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের প্রস্তাব বিবেচনা।

দীর্ঘক্ষণ আলোচনার পর উপরোক্ত বিষয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের প্রস্তাব গ্রহণ করা হয়। তবে জাতীয় বিশ্ববিদ্যালয় এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে একই সঙ্গে যেন খণ্ডকালীন সদস্য হিসেবে মনোনয়ন দেয়া না হয় সে বিষয়টি বিবেচনায় রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়াও কমিশনের বিভিন্ন প্রশাসনিক ও আর্থিক বিষয়ে কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় এই মর্মে মতামত প্রকাশ করা হয় যে, কিছুদিন যাবৎ দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয় সেশনজট থেকে মুক্ত হয়ে একটি সুষ্ঠু পরিবেশে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছিল। কিন্তু হঠাৎ করে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠেছে এবং কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম বন্ধ হয়ে গেছে। এ পরিস্থিতির জন্য কমিশন উদ্বেগ প্রকাশ এবং এই ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন সরকারের দৃষ্টি আকর্ষণ করছে।

সভায় কমিশনের সদস্য প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ ও প্রফেসর ড. মনজুর মোরশেদ মাহমুদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর নুরউদ্দিন আহমেদ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আবদুল বায়েস, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান উপস্থিত ছিলেন। এছাড়াও উপস্থিত ছিলেন কমিশনের সচিব মো. শহীদুল্লাহ ও বিভাগীয় প্রধানগণ।